## এক নজরে এফডিসিতে চলচ্চিত্র নির্মাণে বিদ্যমান সুবিধাসমূহ:

১। ৯ (নয়) টি সুটিং ফ্লোর (২টি শীতাতপ নিয়ন্ত্রিত)

২। শীতাতপ নিয়ন্ত্রিত মেকাপ রুম।

৩। বিভিন্ন ওয়াটের বিভিন্ন ক্যাটাগরীর পর্যাপ্ত পরিমান অত্যাধুনিক লাইট।

৩। ক্যামেরা:
ক) সনি এফ-৫৫ (2K/4K)-৫টি
খ) রেড স্কারলেট (2K/4K)-১টি
গ) রেড ড্রাগন (2K/4K/6K)-২টি

৪। লেন্স:
ক) এ্যারি প্রাইম লেন্স ২২ পিছ
খ) সনি প্রাইম লেন্স ২২ পিছ (নতুন)
গ) আল্ট্রাপ্রাইম লেন্স ১২ পিছ (নতুন)
ঘ) মাস্টারপ্রাইম লেন্স ৯ পিছ (নতুন)
ঙ) ফুজিনন জুম লেন্স ৩ পিছ (নতুন)

৫। জীমিজীব (৪০ ফুট )-২টি

৬। ডিজিটাল এডিটিং প্যানেল:
ক) অফলাইন (FCP) ৩ সেট
খ) অনলাইন (FCP) ২ সেট

৭। কালার কারেকশন স্যুট:
ক) দ্যা ভিঞ্চি রিজলভ ১ সেট

৮। ডাবিং ও মিক্সিং

৯। প্রজেকশন ১ সেট
(DCP with KDM), Christie 4220 4K Projector

১০। সেন্ট্রাল স্টোরেজ (১২০ টেরাবাইট) ১ সেট।

চলচ্চিত্র নির্মানের বিভিন্ন সুযোগ-সুবিধা ও তথ্যের জন্য লগ ইন করুন
www.fdc.gov.bd




# ডিজিটাল প্রযুক্তি সেবা এখন বিএফডিসিতে



বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন
তেজগাঁও, ঢাকা-১২০৮

8170504-6
www.fdc.gov.bd
info@fdc.gov.bd
BFDC

## ভূমিকা:

বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন এর সৃষ্টিতে আছে গৌরবময় এক ইতিহাস। এই ইতিহাসের মহানায়ক হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ১৯৫৭ সালে ৩ এপ্রিল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তৎকালীন প্রাদেশিক সরকারের শিল্প ও বাণিজ্য মন্ত্রী হিসাবে প্রাদেশিক পরিষদে চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন বিল উত্থাপন করেন এবং অনুমোদিত হয়। প্রতিষ্ঠিত হয় বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন। বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১২ সালে চলচ্চিত্রকে শিল্প হিসাবে ঘোষণা করেন। ২০১২ সাল থেকে ৩ এপ্রিল জাতীয় চলচ্চিত্র দিবস হিসাবে পালিত হয়ে আসছে। প্রতিষ্ঠার পর থেকে চলচ্চিত্র নির্মাতাদের কারিগরী ও বাণিজ্যিক ভাবে সহায়তা প্রদান করে আসছে। চলচ্চিত্র শিল্পের উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে এনালগ পদ্ধতিতে চলচ্চিত্র নির্মাণের পরিবর্তে ডিজিটাল পদ্ধতিতে চলচ্চিত্র নির্মাণের লক্ষ্যে প্রায় ৬০ কোটি টাকা ব্যয়ে আমদানি করা হয়েছে অত্যাধুনিক ডিজিটাল যন্ত্রপাতি। যার মধ্যে রয়েছে -







## ক্যামেরা ও আনুষাঙ্গিক যন্ত্রপাতি:

- সনি এফ-৫৫ (2K/4K)- ৫টি, জাপান
- রেড স্কারলেট (2K/4K)- ১টি, ইউএসএ
- রেড ড্রাগন (2K/4K/6K)- ২টি, ইউএসএ
- জীমিজীব (৪০ ফুট ) ২টি, ইউএসএ

## লেন্স

ক্যামেরার গুরুত্বপূর্ণ অংশ লেন্স। এফডিসি'তে ২২টি এ্যারি প্রাইম লেন্স, ২২টি সনি প্রাইম লেন্স আছে। ১২ মি.মি থেকে ১৩৫ মি.মি এর বিভিন্ন রকমের প্রাইম লেন্স আছে। তাছাড়া ৩টি ফুজিনন জুমলেন্স (২৫মি.মি-৩০০মি.মি.), Angenieux জুম লেন্স ১টি (২৫মি.মি-২৫০মি.মি.) ও Cooke জুম লেন্স ১টি (২৫মি.মি-২৫০মি.মি.)।









১) এ্যারি আল্ট্রাপ্রাইম লেন্স ১২ পিছ
(১৪, ১৬ [২টি], ২০, ২৪, ৩২, ৮৫, ১৩৫) মি.মি

২) এ্যারি মাস্টারপ্রাইম লেন্স ৯ পিছ
(১২ [২টি], ১৬ [২টি], ২৫, ৩৫, ৫০,৭৫, ১৩৫) মি.মি



আমেরিকার তৈরি
জীমিজীব
(৪০ ফুট )-২টি





## লাইট:

- ডে-লাইট HMI Par (4 KW, 2.5 KW, 1.2 KW, 575W)
- সানগান (HMI 200W) সোলার (2 KW)
- বেবী (1 KW/650 W) সফট্ লাইট (800W)
- LED (100/200 with Dimmer) পাঞ্জালাইট (5K)
- মাল্টি (2 KW, 1 KW), পারক্যান (1 KW) with Dimmer
- ফ্লুরিসেন্ট (4/6 Sticks), LED মুভিং হেড লাইট
- LED RGB পারলাইট ও প্যানেল মিক্সিং বোর্ড







লাইট ও কনসোল

## র-প্রসেসিং ইউনিট

এফডিসিতে ৪টি আধুনিক ডিজিটাল Raw Processing Unit আছে, যার মাধ্যমে স্যুটিংকৃত ফুটেজ Proxy করে এডিটিং উপযোগী করা হয়। এছাড়া টাইটেল এ্যানিমেশন সহ ডিজিটাল চলচ্চিত্রের VFX (Visual Effects) এর কাজ করা হয়।



র-প্রসেসিং ইউনিট

## ডিজিটাল এডিটিং মেশিন

এফডিসিতে ৩টি অফলাইন ও ২টি অনলাইন ডিজিটাল এডিটিং প্যানেল আছে। Final Cut Pro (FCP) সফট্ওয়্যার ব্যবহার করে এডিটিংয়ের কাজ করা হয়। এডিটিং প্যানেলগুলো আন্তর্জাতিক মানসম্পন্ন এবং সর্বাধুনিক উন্নত প্রযুক্তির যন্ত্রাংশ সমন্বয়ে গঠিত।



ডিজিটাল এডিটিং প্যানেল

## র-প্রসেসিং ইউনিট

এফডিসিতে ৪টি আধুনিক ডিজিটাল Raw Processing Unit আছে, যার মাধ্যমে স্যুটিংকৃত ফুটেজ Proxy করে এডিটিং উপযোগী করা হয়। এছাড়া টাইটেল এ্যানিমেশন সহ ডিজিটাল চলচ্চিত্রের VFX (Visual Effects) এর কাজ করা হয়।



**র-প্রসেসিং ইউনিট**

## ডিজিটাল এডিটিং মেশিন

এফডিসিতে ৩টি অফলাইন ও ২টি অনলাইন ডিজিটাল এডিটিং প্যানেল আছে। Final Cut Pro (FCP) সফট্ওয়্যার ব্যবহার করে এডিটিংয়ের কাজ করা হয়। এডিটিং প্যানেলগুলো আন্তর্জাতিক মানসম্পন্ন এবং সর্বাধুনিক উন্নত প্রযুক্তির যন্ত্রাংশ সমন্বয়ে গঠিত।



**ডিজিটাল এডিটিং প্যানেল**

## কালার কারেকশন

ক্যামেরায় ধারণকৃত চিত্রকে (2/4/8K Raw Stock) পর্দায় প্রক্ষেপণের পূর্বে নান্দনিকরণ - এ ফুটিয়ে তোলার জন্য বিখ্যাত DaVinci Resolve Advance Control কালার কারেকশন মেশিনও এফডিসিতে স্থাপন করা হয়েছে যা চিত্র নির্মাতাদের মাঝে দারুন সাড়া জাগিয়েছে। অত্যাধুনিক Software Resolve ব্যবহার করে কালারের বিভিন্ন আঙ্গিকে কাজ করা হয়।



**কালার কারেকশন স্যুট**

## শব্দ শাখা

শব্দ শাখায় সংযোজিত রয়েছে ডাবিং ও মিক্সিং কাজের জন্য Digital Audio Workstation। এতে Protools এবং Yamaha 02R96 Mixing Console, Avid-003 & Avid-MBOX Pro সাউন্ড কার্ড ব্যবহার করা হয়। এছাড়া সারাউন্ড সাউন্ড (৭.১) সুবিধা সম্পন্ন DCP 4K ছবি প্রদর্শনের ব্যবস্থা আছে। সারাউন্ড সাউন্ড (৭.১) সুবিধা সম্বলিত রি-রেকর্ডিং বা মাষ্টারিং করার জন্য আরো ১টি ষ্টুডিও স্থাপন করা হবে।



**ডাবিং ও মিক্সিং যন্ত্রপাতি**

## ডিসিপি এনকোডিং

চূড়ান্ত চলচ্চিত্র নির্মাণের পর বিভিন্ন পেক্ষাগৃহে প্রদর্শনের জন্য Digital Cinema Package (DCP) তৈরি করার প্রযুক্তি এফডিসিতে বিদ্যমান। DCP-এর সাথে KDM (Key Delivery Message) সংযোজন করে পাইরেসি রোধ করা সম্ভব। ফলে নির্মাতাগণ আর্থিকভাবে ঝুঁকিমুক্ত থাকবেন। Christie 4220 প্রজেক্টরের মাধ্যমে এফডিসিতে ডিসিপি সিনেমা দেখার সুযোগ রয়েছে।



Christie 4220 (4K) Digital Projector

ফ্লোর: ইনডোর স্যুটিং করার প্রয়োজনে ৯টি বিশাল স্যুটিং ফ্লোর আছে যার ২টি ফ্লোর শীতাতপ নিয়ন্ত্রীত। অন্যান্য ফ্লোরগুলোতে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা স্থাপন করার সুবিধা আছে। প্রতিটি ফ্লোরের সাথে সুসজ্জিত মেকাপ রুম ও ষ্টোর রুম রয়েছে।




সাউন্ড কমপ্লেক্স ও ডিজিটাল কমপ্লেক্স ভবন



স্যুটিং ফ্লোর # ১



স্যুটিং ফ্লোর # ২

বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি: কবিরপুরে ১০৫.৫৬৭ একর জমির উপর বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটিতে আরো আকর্ষণীয় স্যুটিং স্পট হিসাবে গড়ে তোলার লক্ষ্যে একটি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। ছবির বিভিন্ন লোকেশন তৈরির জন্য একটি চমৎকার উপযোগী জায়গা হিসাবে ইতোমধ্যে বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি চলচ্চিত্র নির্মাতাদের কাছে অত্যন্ত আকর্ষণীয় হয়ে উঠেছে। প্রথম পর্যায়ে উক্ত ফিল্ম সিটিতে নিম্নোক্ত স্যুটিং স্পট তৈরী আছে:

১. গ্রাম্য বাড়ি ২. হাট-বাজার ৩. পুকুর ঘাট ৪. বাগান ৫. রেস্টুরেন্ট ৬. ডুপ্লেক্স বাড়ি ৭. প্যাডেল বোট ৮. স্যুটিং ইউনিট থাকার ব্যবস্থা ৯. ডরমেটরী ভবন এবং ১০. সুবিশাল লেক।







বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটির স্যুটিং অবকাঠামোর অংশ বিশেষ

## এক নজরে এফডিসিতে চলচ্চিত্র নির্মাণে বিদ্যমান সুবিধাসমূহ:

১। ৯ (নয়) টি সুটিং ফ্লোর (২টি শীতাতপ নিয়ন্ত্রিত)

২। শীতাতপ নিয়ন্ত্রিত মেকাপ রুম।

৩। বিভিন্ন ওয়াটের বিভিন্ন ক্যাটাগরীর পর্যাপ্ত পরিমান অত্যাধুনিক লাইট।

৩। ক্যামেরা:
ক) সনি এফ-৫৫ (2K/4K)-৫টি
খ) রেড স্কারলেট (2K/4K)-১টি
গ) রেড ড্রাগন (2K/4K/6K)-২টি

৪। লেন্স:
ক) এ্যারি প্রাইম লেন্স ২২ পিছ
খ) সনি প্রাইম লেন্স ২২ পিছ (নতুন)
গ) আল্ট্রাপ্রাইম লেন্স ১২ পিছ (নতুন)
ঘ) মাস্টারপ্রাইম লেন্স ৯ পিছ (নতুন)
ঙ) ফুজিনন জুম লেন্স ৩ পিছ (নতুন)

৫। জীমিজীব (৪০ ফুট )-২টি

৬। ডিজিটাল এডিটিং প্যানেল:
ক) অফলাইন (FCP) ৩ সেট
খ) অনলাইন (FCP) ২ সেট

৭। কালার কারেকশন স্যুট:
ক) দ্যা ভিঞ্চি রিজলভ ১ সেট

৮। ডাবিং ও মিক্সিং

৯। প্রজেকশন ১ সেট
(DCP with KDM), Christie 4220 4K Projector

১০। সেন্ট্রাল স্টোরেজ (১২০ টেরাবাইট) ১ সেট।

চলচ্চিত্র নির্মানের বিভিন্ন সুযোগ-সুবিধা ও তথ্যের জন্য লগ ইন করুন
www.fdc.gov.bd